



উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব নজরুল ইসলাম নয়ন, উপজেলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।

সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের কার্যালয় তারাকান্দা, ময়মনসিংহ।

সভার তারিখঃ ০৯/১১/২০২১

সময়ঃসকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সদস্যসচিব কে তারাকান্দা উপজেলায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক আর্থ-সামাজিক কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করার জন্য আহ্বান করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>অধ্যকার সভা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব নজরুল ইসলাম নয়ন এর সভাপতিত্বে যথসময়ে শুরু হয়।</p> <p>১ নং আলোচ্যসূচী অনুযায়ী সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</p> <p>ক. সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয় জানান যে নবগঠিত তারাকান্দা উপজেলায় উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড এর বিভিন্ন কর্মসূচীর প্রায় ৯০ লক্ষ টাকা খেলাপী পরে আছে এবং তারাকান্দা উপজেলায় উপজেলা সমবায় অফিসার এর কার্যালয় অদ্যবধি স্থাপিত হয়নি ফলে পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকান্ড সম্পাদনে বিঘ্ন ঘটছে। এমতাবস্থায় তারাকান্দা উপজেলায় উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড এর বিভিন্ন কর্মসূচীর খেলাপী টাকা আদায় হলে এবং সমবায় অধিদপ্তরের কার্যালয় স্থাপিত হলে সমবায় সম্পর্কিত কর্মকান্ড বেগবান হবে। পরবর্তীতে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় যে খেলাপী আদায়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের সহযোগিতা গ্রহণ করা হবে এবং সমবায় অধিদপ্তরের কার্যালয় স্থাপনে প্রসাশনিক উদ্যোগ গ্রহণে সভাপতি মহোদয় ব্যাস্থা গ্রহণ করবেন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</p>	<p>খেলাপী আদায়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের সহযোগিতা গ্রহণ করা হবে এবং সমবায় অধিদপ্তরের কার্যালয় স্থাপনে প্রসাশনিক উদ্যোগ গ্রহণে সভাপতি মহোদয় ব্যাস্থা গ্রহণ করবেন সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।


(নজরুল ইসলাম নয়ন)

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

তারিখঃ ০৯/১১/২০২১খ্রিঃ

স্মারক নং ৪৭.৬২.৬১৮৮..০১০.০২.০০০.২০.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

২। উপ পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।

৫। চেয়ারম্যান,..... ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।

৬। অফিস কপি।

মোহাম্মদ মনিরুজ্জামান

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার